


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-৩ শাখা)
www.molwa.gov.bd

ভারত সরকারের আর্থিক সহায়তায় “১০০ জন বীর মুক্তিযোদ্ধা রোগীকে চিকিৎসা সেবাদান স্কিম” এর আওতায় চিকিৎসা সেবা গ্রহণের আবেদন আহ্বান

বন্ধুপ্রতিম দেশ ভারত সরকারের আর্থিক সহায়তায় “১০০ জন বীর মুক্তিযোদ্ধা রোগীকে চিকিৎসা সেবাদান স্কিম” এর আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে কিছু সংখ্যক বীর মুক্তিযোদ্ধাকে ভারতীয় সশস্ত্র বাহিনীর নির্ধারিত হাসপাতালে চিকিৎসা সেবা প্রদান করা হবে। এ লক্ষ্যে অসুস্থ বীর মুক্তিযোদ্ধাদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এ চিকিৎসা সেবাদান স্কিম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও ভারতীয় দূতাবাসের মাধ্যমে বাস্তবায়িত হবে। বাংলাদেশ হতে ভারতের নির্দিষ্ট হাসপাতালে পৌঁছানোর পথখরচ বাংলাদেশ সরকার বহন করবে। ভারতের মধ্যে এক হাসপাতাল হতে অন্য হাসপাতালে স্থানান্তর করার প্রয়োজন হলে তার খরচ ভারত সরকার বহন করবে। টিবি, মানসিক বিকার, খিঁচুনি, এইডস এবং অন্যান্য ক্রনিক জাতীয় দীর্ঘমেয়াদি রোগের চিকিৎসা এ কর্মসূচির আওতাভুক্ত নয়।

আবেদনের নিয়ম ও শর্তাবলি:

- (১) আবেদন ফরম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এবং স্ব স্ব জেলার সিভিল সার্জিন অফিস থেকে সংগ্রহ করা যাবে।
- (২) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন ১৬ মে ২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন বরাবর দাখিল করতে হবে।
- (৩) নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (৪) খামের উপরে “ভারত সরকার কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধা চিকিৎসা সেবাদান স্কিমের আওতায় আবেদন” লিখতে হবে।
- (৫) এ চিকিৎসা সেবা শুধু বীর মুক্তিযোদ্ধাদের জন্য প্রযোজ্য হবে; পরিবারের সদস্যদের জন্য প্রযোজ্য হবে না।
- (৬) কর্তৃপক্ষ যেকোন সময় যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।


২৬/৪/২৪
মো. আবু আউয়াল
উপসচিব(প্রশাসন-৩)

টেলিফোন-০২২২৩৩৮৫৩১৭
info.molwa@yahoo.com